



চট্টগ্রাম সিটি কর্পোরেশন প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম ৩১ মার্চ ২০১৮ খ্রি.

১০নং উত্তর কাউলী ওয়ার্ডে কর্ণেল জোনস সড়কে ওয়াসার নতুন পাইপ লাইন স্থাপন কর্মসূচি উদ্বোধন করলেন মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রামের প্রতি প্রধানমন্ত্রীর সুদৃষ্টির কারণে চট্টগ্রামে ওয়াসার
পানির প্রকল্প দ্রুত গতিতে বাস্তবায়িত হচ্ছে

বিশ্বব্যাংকের অর্থায়নে চট্টগ্রাম পানি সরবরাহ উন্নয়ন ও স্যানিটেশন প্রকল্পের আওতায় চট্টগ্রাম নগরীর উত্তর কাউলী কর্ণেল জোনস সড়কে চট্টগ্রাম ওয়াসার নতুন পাইপ লাইন স্থাপন করছে। ৩১ মার্চ ২০১৮ খ্রি. সকালে ফিতা কেটে পাইপ লাইন স্থাপন কর্মসূচির শুভ উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। এ উপলক্ষে কর্ণেল জোনস সড়কে অনুষ্ঠিত এক সুধি সমাবেশে সভাপতিত্ব করেন চট্টগ্রাম ওয়াসার উপ ব্যবস্থাপনা পরিচালক (প্রশাসন) গোলাম হোসেন। সুধি সমাবেশে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। প্রধান বক্তা ছিলেন চট্টগ্রাম ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী এ কে এম ফজলুল্লাহ। উদ্বোধক ছিলেন চট্টগ্রাম ওয়াসা বোর্ডের সদস্য ও সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মিসেস আবিদা আজাদ। অনুষ্ঠানে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্যানেল মেয়র-৩ ও ১০ নং ওয়ার্ড কাউন্সিলর নিছার উদ্দীন আহমেদ মঞ্জু, ৯ নং ওয়ার্ড কাউন্সিলর জহরুল আলম জসিম, ওয়াসার সচিব শামীম সোহেল, প্রজেক্ট ডাইরেক্টর আবছার উদ্দিন, শ্রমিক নেতা সফর আলী, ইকবাল চৌধুরী, গিয়াস উদ্দিন জুয়েল, হাবিবুর রহমান, মসিউদদৌল্লা চৌধুরী, আলী আজগর চৌধুরী, বিরেন্দ্র লাল দে, মুনমুন সেন, পাহাড়তলী, আকবরশাহ থানা ও ১০নং ওয়ার্ড আওয়ামীলীগের নেতৃবৃন্দ সহ চট্টগ্রাম ওয়াসার কর্মবৃন্দ উপস্থিত ছিলেন। সুধি সমাবেশে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, সুপেয় ও নিরাপদ পানি নিশ্চিত করার জন্য জননেত্রী শেখ হাসিনা সরকার চট্টগ্রামে হাজার হাজার কোটি টাকার প্রজেক্ট বাস্তবায়ন করছে। এর অধীনে চট্টগ্রাম মহানগরীর ৪১টি ওয়ার্ডে পানি সরবরাহের জন্য নতুন পাইপ লাইন স্থাপন করা হচ্ছে। প্রসঙ্গক্রমে মেয়র বলেন, দেশে বর্তমানে শান্তি ও স্থিতিশীলতা বিরাজ করছে। চট্টগ্রামের প্রতি প্রধানমন্ত্রীর সুদৃষ্টির কারণে চট্টগ্রামে ওয়াসার পানির প্রকল্প দ্রুত গতিতে বাস্তবায়িত হচ্ছে। মেয়র সেবাধর্মী সকল কাজে সহযোগিতা প্রত্যাশা করে বলেন, নাগরিকদের নিয়মিত পৌরকর পরিশোধ এবং সেবার কাজে সহযোগিতা ছাড়া নাগরিক চাহিদা নিশ্চিত করা সম্ভব নয়। সেই লক্ষে তিনি নিয়মিত পৌরকর পরিশোধ করে উন্নয়ন গতিশীল রাখার আহবান জানান। চট্টগ্রাম ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী এ কে এম ফজলুল্লাহ বলেন, চট্টগ্রাম ওয়াসা নগরবাসীর পানির চাহিদা পূরণের লক্ষে জাইকা ও বিশ্বব্যাংকের সহযোগিতায় মেগাপ্রকল্প বাস্তবায়ন করে যাচ্ছে। ইতোমধ্যে প্রায় ৭০% পানির চাহিদা পূরণ করা সম্ভব হয়েছে। আগামী আগষ্ট এর মধ্যে শতভাগ চাহিদা পূরণ করা সম্ভব হবে। তিনি বলেন,

চট্টগ্রাম ওয়াসা নাগরিক স্বার্থে সোয়ারেজ মাষ্টার প্ল্যান ও জলাবদ্ধতা নিরসনে মাষ্টার প্ল্যান প্রণয়ন করেছে। মাষ্টার প্ল্যানের আওতায় জলাবদ্ধতা নিরসন ছাড়াও ওয়াসা সোয়ারেজ মাষ্টার প্ল্যান বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করেছে। তিনি সরকারের উন্নয়ন কার্যক্রমে সহযোগিতা প্রত্যাশা করেন।

চট্টগ্রাম-৩১মার্চ ২০১৮ খ্রি.

২৩ নং উত্তর পাঠানটুলি ওয়ার্ডে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক বিরোধী সুধি সমাবেশে মেয়র আ জ ম নাছির উদ্দীন

ভয়ঙ্কর কোন ব্যক্তি পরিবারে থাকলে সে পরিবার, সমাজ ও দেশ ক্ষতিগ্রস্ত হয়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, মানুষ যখন অপরাধে জড়িয়ে ভয়ঙ্কর রূপ ধারণ করে, তখন সে বে-পরোয়া হয়। এ ধরনের ব্যক্তির অপরাধ করতে দ্বিধাবোধ করে না। ভয়ঙ্কর কোন ব্যক্তি পরিবারে থাকলে সে পরিবার, সমাজ ও দেশ ক্ষতিগ্রস্ত হয়। মেয়র বলেন, অন্যায়কাজ ও অপরাধে জড়িতদের উৎসাহিত না করে অপরাধী হিসেবে তাকে সামাজিকভাবে রুখতে হবে। সেজন্য পাড়ায় মহল্লায় সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। গত ২৯ মার্চ ২০১৮ খ্রি. বৃহস্পতিবার, বিকেলে ২৩ নং উত্তর পাঠানটুলী ওয়ার্ডে দিন মোহাম্মদ কনভেনশন হলে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আয়োজনে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক বিরোধী সমাবেশে প্রধান অতিথির ভাষণে মেয়র এসব কথা বলেন। স্থানীয় কাউন্সিলর মোহাম্মদ জাবেদ এর সভাপতিত্বে এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনের জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম এর সঞ্চালনায় অনুষ্ঠিত সমাবেশে বিশেষ অতিথির বক্তব্য রাখেন ২৭ নং ওয়ার্ড কাউন্সিলর ও আইন শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি এইচ এম সোহেল, চমিক এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার, স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস, ফায়ার সার্ভিস ও সিভিল ডিভিশন এর এসিসটেন্ট ডাইরেক্টর মো. কামাল উদ্দিন ভূঁইয়া, আওয়ামীলীগ নেতা দোস্ত মোহাম্মদ, মনির আহমদ, মহল্লা সর্দার আলহাজ্ব মীর সেকান্দর মিয়া, সামসুদ্দিন আহমদ, ইদ্রিস কাজেমী, মাহফুজুর রহমান, হাজী আবদুর শুক্কুর, আলহাজ্ব শওকত আলী, হাজী মো. ইব্রাহীম, খতিব এ বি এম মহিবুল্লাহ, সর্দার মো. হাসান, কাজী আনোয়ার মাস্টার, মনির আহমদ, মাওলানা মোহাম্মদ আলী, সামসুল হক, ওয়াহিদুর রহমান, মোহসেন, মো. জাহেদ, গোলাম মোহাম্মদ, শিক্ষক লিপি মজুমদার, লাভলী মজুমদার, নিয়াজ আহমদ খান, মমতাজ বেগম রুজি, লায়ন মোহাম্মদ ইব্রাহিম সহ অন্যান্য। মঞ্চে স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ও নানা শ্রেণী পেশার প্রতিনিধিরা তাদের মতামত উপস্থাপন করেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন